

# আপিল বিভাগের রায়: প্রাথমিকের প্রধান শিক্ষকরা পাবেন দ্বিতীয় শ্রেণির মর্যাদা

সংবাদ অনলাইন রিপোর্ট

: বৃহস্পতিবার, ১৩ মার্চ ২০২৫



সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকরা ১০ম গ্রেডে দ্বিতীয় শ্রেণির গেজেটেড কর্মকর্তার মর্যাদা পাবেন বলে রায় দিয়েছে আপিল বিভাগ।

বৃহস্পতিবার (৭ মার্চ) বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন চার বিচারকের আপিল বেঞ্চ এ আদেশ দেন।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের করা একটি রিভিউ আবেদন নিষ্পত্তি করে এই সিদ্ধান্ত দেওয়া হয়।

শিক্ষকদের পক্ষে শুনানি করেন আইনজীবী সালাউদ্দিন দোলন।